গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোদা, পঞ্চগড়
www.boda.panchagarh.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৭২৫.০০০.০১.০০৯.২৫-১৩৫/সি তারিখ : ০২ মার্চ, ২০২৫ খ্রি :

১৪৩২ বাংলা সনের আন্ত:ইউনিয়ন খেয়াঘাট ইজারা বিজ্ঞপ্তি
বিজ্ঞপ্তি নং-০১/২০২৫

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ১৯/০৪/২০০৩ খ্রিঃ তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকে জারীকৃত হস্তান্তরিত ফেরীঘাট ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভূত আয় বন্টন সম্পর্কে নীতিমালা অনুযায়ী বোদা উপজেলাধীন নিম্ন বর্ণিত খেয়াঘাট/আন্তঃইউনিয়ন খেয়াঘাটসমূহ ১৪৩২ বাংলা সনের ১ বৈশাখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্দিষ্ট ফরমে সীল-মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য ও শর্তাবলী সম্বলিত দরপত্র ফরম বিজ্ঞপ্তি জারীর সময় হতে দরপত্র সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র জেলা প্রশাসক, পঞ্চগড় মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপার, পঞ্চগড় মহোদয়ের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), বোদা, পঞ্চগড় এর কার্যালয় এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সমূহে নির্ধারিত মূল্যে জমাপূর্বক দরপত্র ফরম অফিস চলাকালীন সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.৩০ ঘটিকা পর্যন্ত সংগ্রহ করা যাবে। প্রকাশ থাকে যে নির্ধারিত তারিখ ও সময়ের পর দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবেনা এবং নিম্নে উল্লিখিত 'ছক' মোতাবেক দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়ে উপস্থিত দরদাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। ১ম তারিখে কোন খেয়াঘাট কাংখিত মূল্য পাওয়া না গেলে খেয়াঘাট সমূহ ইজারা কার্যক্রমের ধারাবাহিকতায় নিম্নবর্ণিত দিনপঞ্জি মোতাবেক পর্যায়ক্রমে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

ইজারাযোগ্য আন্ত :ইউনিয়ন খেয়াঘাটের বিবরণ :

উপজেলার নাম	ইজারাযোগ্য খেয়াঘাটের নাম	ইউনিয়নের নাম	১৪৩২ সনের কাঙ্খিত সরকারী মূল্য	সিডিউলের মূল্য
বোদা	বারুনীস্নান ঘাট	কাজলদিঘী কালিয়াগঞ্জ	৮,০০,০০০/-	৫০০/-
	মজিদের ঘাট	বেংহারী বনগ্রাম	১,৫০,০০০/-	৩০০/-
	কালিয়াগঞ্জ ঘাট	কাজলদিঘী কালিয়াগঞ্জ	১০,০০,০০০/-	৫০০/-
	নিচার ঘাট	বেংহারী বনগ্রাম	১,৫০,০০০/-	৩০০/-
	ঘোড়ামারা ঘাট	বড়শশী	২২,০০০/-	৩০০/-
	নতুন বাংলা ঘাট	বড়শশী	২০,৫০০/-	৩০০/-

দরপত্র ফরম বিক্রয়, দাখিল ও দরপত্র বাক্স খোলার তারিখ :

পর্যায়	সিডিউল বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন পর্যন্ত)	দরপত্র দাখিলের তারিখ ও সময় ১.০০ ঘটিকা পর্যন্ত	দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়
১ম দরপত্র	২৪/০৩/২৫ খ্রি : সোমবার	২৫/০৩/২৫ খ্রি : মঙ্গলবার সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা	২৫/০৩/২৫ খ্রি : বিকাল ৩.০০ টা
২য় দরপত্র	০৭/০৪/২৫ খ্রি : সোমবার	০৮/০৪/২৫ খ্রি : মঙ্গলবার সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা	০৮/০৪/২৫ খ্রি : বিকাল ৩.০০ টা
৩য় দরপত্র	১৩/০৪/২৫ খ্রি : রবিবার	১৫/০৪/২৫ খ্রি : মঙ্গলবার সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা	১৫/০৪/২৫ খ্রি : বিকাল ৩.০০ টা

দরপত্র দাখিলের শর্তাবলী

১. দরপত্রের সাথে দাখিলকৃত দরের ১০০% হারে জামানত ইজারা মূল্যের উপর ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) ও ১০% আয়কর পৃথক পৃথকভাবে যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বোদা, পঞ্চগড় এর অনুকূলে দাখিল করতে হবে।

২. সরকারী মূল্য প্রদান স্বাপেক্ষে জন্মগত পেশাদার পাটনীগন আইন অনুযায়ী অগ্রাধিকার পাবেন। দরখাস্তকারীগণ জন্মগত পেশাদার পাটনী এর সমর্থনে তাঁর বর্তমান পেশার বিবরণসহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর সনদপত্র দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। জন্মগত পেশাদার পাটনী না পাওয়া স্বাপেক্ষে সর্বসাধারণের দাখিলকৃত সীল টেন্ডার বিবেচনায় নেয়া হবে।
৩. দরপত্রের সাথে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি ও ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।
৪. দরপত্র দাখিলের পূর্বে খেয়াঘাটের বর্তমান অবস্থা সরেজমিনে পরিদর্শন করে দাখিল করতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণ করা হবে না।
৫. দরপত্র সীল মোহরকৃত খামে দরদাতার নাম, পিতার নাম এবং পূর্ণ ঠিকানা উল্লেখ পূর্বক দরপত্র দাখিল করতে হবে। দরপত্র ফরমে কোন প্রকার কাটাকাটি ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
৬. সাধারণভাবে দরদাতাগণের মধ্য হতে সর্বোচ্চ দরদাতার দর গ্রহণ করা হবে।
৭. বিধি মোতাবেক ইজারাদারকে দখল হস্তান্তরের পূর্বে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
৮. ইজারা প্রদত্ত খেয়াঘাট সাব-লিজ দেয়া যাবে না।
৯. নৌকায় যাত্রীদের সুরক্ষার জন্য সবসময় পর্যাপ্ত সংখ্যক নিরাপত্তা সরঞ্জাম, যেমন লাইফ জ্যাকেট/টিউব/গার্ড/টায়ার প্রভৃতি রাখতে হবে।
১০. যাত্রী ছাউনির ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইজারা যাত্রীদের পারাপারের জন্য নৌযান সরবরাহসহ যাত্রীদের ওঠানামার জন্য ঘাট নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবেন।
১১. বাংলাদেশ অভ্যন্তরীন নৌ-নিরাপত্তা অধ্যাদেশ, ১৯৭৬ এর ৩ ধারা অনুযায়ী সকল নৌযান সনদধারী চালক দ্বারা রেজিস্ট্রেশণ ও সার্ভেকৃত নৌযান পরিচালনা করতে হবে।
১২. ঝঁকিপূর্ণ নৌকা দ্বারা যাত্রী বা মালামাল পারাপার করা যাবে না। প্রতিটি খেয়া ঘাটে বিকল্প নৌকার ব্যবস্থা রাখতে হবে।
১৩. নৌকার আকৃতি/মাপ/ভারবহন ক্ষমতা নিরাপত্তার দিক বিবেচনা করে যাত্রী পারাপার করতে হবে। নৌকাতে অতিরিক্ত যাত্রী ও মালামাল বোঝাই করা যাবে না।
১৪. বৈরী আবহাওয়ায় খেয়াঘাট বন্ধ রাখতে হবে।
১৫. ঘাটে যাত্রীদের সংকেত/নির্দেশনা প্রদানের জন্য ইজারাদার মাইকিং এর ব্যবস্থা রাখবেন।
১৬. রেজিস্ট্রারে যাত্রীদের নাম ও ঠিকানা সংক্রান্ত তথ্য লিপিবদ্ধ করতে হবে।
১৭. যাত্রীদের হয়রানীমূলক কার্যকলাপ হতে বিরত থাকতে হবে এবং তাঁদের সাথে ভালো আচরণ করতে হবে।
১৮. নদী পারাপারের সময় মাঝিকে সর্বোচ্চ সর্তকতা অবলম্বন করতে হবে যাতে কোন প্রকার দুর্ঘটনা না ঘটে।
১৯. ইজারাদার নিজস্ব দায়িত্বে খেয়াঘাটে স্বেচ্ছাসেবক নিয়োজিত করবেন। স্বেচ্ছাসেবকগণ যাত্রীদের ওঠানামা কাজে সহযোগিতাসহ সার্বিক বিষয় দেখভাল করবেন।
২০. সরকার কর্তৃক নির্ধারিত হারে টোল মাশুল আদায় করতে হবে।
২১. খেয়া পারাপারের অনুমোদিত টোলের চার্ট স্পষ্ট অক্ষরে নদীর উভয় পাড়ে দৃশ্যমান স্থানে নিজ খরচে সাইনবোর্ড স্থাপন করতে হবে।
২২. পাঁচ বছরের কম বয়সী শিশু, স্কুলের ছাত্র-ছাত্রী, সরকারি, আধাসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে সরকারি কার্য উপলক্ষে ভ্রমনকালে বিনা মাশুলে পারাপার করতে হবে।
২৩. যদি কেউ উল্লিখিত শর্তাবলী লঙ্ঘন করে তবে ইজারা বাতিল পূর্বক ইজারা মূল্য ও অন্যান্য জমাকৃত টাকা বাজেয়াপ্ত করে ঘাটটি পুনরায় দরপত্রের মাধ্যমে ইজারা দেওয়া হবে।
২৪. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০২/০৬/২০২৫

মোঃ শাহরিয়ার নজির
উপজেলা নির্বাহী অফিসার
বোদা, পঞ্চগড়
ফোন নং-০২৫৮৯৯৪২৩৩১
email.unoboda@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোদা, পঞ্চগড়
www.boda.panchagarh.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৭২৫.০০০.০১.০০৯.২৫-১৩৫ (১০০)/সি তারিখ : ০২ মার্চ, ২০২৫ খ্রি :

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, পঞ্চগড়।
২। পুলিশ সুপার, পঞ্চগড়।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড়।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পঞ্চগড়।
৫। উপজেলা নির্বাহী অফিসার-- (সকল), পঞ্চগড়।
৬। সহকারী কমিশনার (ভূমি)---(সকল), পঞ্চগড়।
৭। চেয়ারম্যান--(সকল), বোদা, পঞ্চগড়। তাঁকে যথাসময়ে তাঁর এলাকায় সকল খেয়াঘাট/হাট-বাজারে মাইক ও ঢোল-সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা------------------------------------(সকল), বোদা, পঞ্চগড়। বিজ্ঞপ্তিটি ঢোল-সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করে জারীর প্রতিবেদন ধাযয তারিখের পূর্বে এ কার্যালয়ে জারী রিপোর্ট দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
৯। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক-- তাঁকে উপরোক্ত খেয়াঘাটের দরপত্র বিজ্ঞপ্তিটি ছোট আকারে আগামী------------------------তারিখের মধ্যে যে কোন একদিনের জন্য প্রকাশের ব্যবস্থা করে নিম্নস্বাক্ষরকারী বরাবরে পত্রিকার কপিসহ বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
১০। উপজেলা আইসিটি কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের জন্য বলা হলো।
১১। ইজারাদার --বোদা, পঞ্চগড়।
১২। অফিস কপি।

০২/০৩/২০২৫

মোঃ শাহরিয়ার নজির
উপজেলা নির্বাহী অফিসার
বোদা, পঞ্চগড়
ফোন নং-০২৫৮৯৯৪২৩৩১
email.unoboda@mopa.gov.bd